



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, email: sbcontroller16@gmail.com

স্মারক নং: সিশিবো/পনি/মাধ্য/২০২৫/৬২৮

তারিখ: ০৯ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ
২৩ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯(২)-৯০ তারিখ: ১৯ মার্চ ২০২৫

বিষয়: ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ও জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য করণীয়:

- ১। পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে ১৪৪ ধারা বলবৎ থাকবে। তাই পরীক্ষা সংশ্লিষ্ট নয় এমন ব্যক্তির পরীক্ষা কেন্দ্রের আশেপাশে অযথা ঘোরাফেরা করা সম্পূর্ণরূপে নিষেধ।
- ২। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।
- ৩। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ বা পরীক্ষা গ্রহণের অনুমতি প্রদান করা যাবে না।
- ৪। কেন্দ্র সচিব ব্যতীত পরীক্ষা কেন্দ্রে অন্য কেউ মোবাইল ফোন ও মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবেন না। কেন্দ্রের কেন্দ্র সচিব ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন/ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫। প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ানো ব্যক্তিদের বিরুদ্ধে পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি আইন, ২০০৬ এবং সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। ১০ এপ্রিল, ২০২৫ থেকে ১৩ মে, ২০২৫ তারিখ পর্যন্ত সবধরনের কোচিং সেন্টার বন্ধ থাকবে।
- ৭। পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় কোন ইলেকট্রনিক্স ডিভাইস বা মোবাইল, মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম এবং পরীক্ষা কেন্দ্রে ব্যবহারের অনুমতিবিহীন যে কোন ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার করতে পারবে না। নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। প্রশ্নপত্র ফাঁস কিংবা পরীক্ষার্থীদের নিকট উত্তর সরবরাহে জড়িত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইন শৃঙ্খলা বাহিনী ও জেলা প্রশাসন কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করবে।
- ৯। পরীক্ষা কেন্দ্রের আশেপাশে ফটোকপি মেশিন পরীক্ষা চলাকালীন বন্ধ থাকবে।
- ১০। পরীক্ষা কেন্দ্রে বহিরাগত/অবাঞ্ছিত লোকের সমাগম ঘটলে অথবা আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটার সম্ভাবনা দেখা দিলে তাৎক্ষণিক স্থানীয় প্রশাসন এবং শিক্ষা বোর্ড-কে অবহিত করতে হবে।
- ১১। শিক্ষার্থী ও অভিভাবকগণ সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোন মাধ্যমের গুজব থেকে বিরত থাকুন।
- ১২। ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে প্রশ্নপত্র গ্রহণ ও পরিবহণ কাজে নিয়োজিত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারীগণ কোন ফোন ব্যবহার করতে পারবেন না এবং প্রশ্নপত্র বহন কাজে কালো কাঁচযুক্ত মাইক্রোবাস বা এরূপ কোন যানবাহন ব্যবহার করা যাবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৩/০৩/২০২৫

✓

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

২৩/৩/২৫

E mail: sbcontroller16@gmail.com

প্রাপক:

- ১। সম্পাদক, দৈনিক সিলেটের ডাক/দৈনিক উত্তরপূর্ব/দৈনিক শ্যামল সিলেট/দৈনিক জালালাবাদ/দৈনিক কাজির বাজার
দৈনিক খোয়াই/দৈনিক সুনীগঞ্জের খবর
- ২। আঞ্চলিক পরিচালক, সিলেট বেতার, মিরের ময়দান, সিলেট।
- ৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ টেলিভিশন, সিলেট উপকেন্দ্র, কাজীটুলা রোড, সিলেট।
- ৪। উপ পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট।

অনুলিপি:

১। সিলেট ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।